



বিগত তিনবারের মতো নির্বাচন হলে দুর্ভোগে পড়বে জনগণ: জামায়াত সেক্রেটারি



সংগৃহীত ছবি

জামায়াত ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার শনিবার (১৫ নভেম্বর) খুলনার জিরো পয়েন্ট এলাকায় এক পথসভায় অংশগ্রহণকালে বলেন, “যদি এবারের নির্বাচনও বিগত তিনবারের মতো হয়, তাহলে দেশের জনগণের ভাগ্যে চরম দুর্ভোগ নেমে আসবে।”

তিনি আরও বলেন, অতীতে নির্বাচনে যারা বিশেষ রাজনৈতিক দলের পক্ষে কাজ করেছে, তারা এখন পালিয়ে গেছে। কিন্তু এবারের নির্বাচনের দায়িত্বে যারা রয়েছেন, তাদের বিরুদ্ধে কোনো অনিয়মের অভিযোগ উঠলে পালানোর সুযোগ তাদের থাকবে না।

পরওয়ার মন্তব্য করেন, “গত ৫৪ বছরে প্রতিটি সরকারের আমলেই দুর্নীতি ও লুটপাট হয়েছে। জনগণ এখন শান্তিপূর্ণভাবে জীবন যাপনের জন্য ভোট দেওয়ার শপথ নিয়েছে। আমাদের প্রত্যাশা, নির্বাচনে সবাই ন্যায় ও স্বচ্ছতার সঙ্গে অংশগ্রহণ করবে।”

LENS ASIA